

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ১৭ শ্রাবণ ১৪০৮/১ আগস্ট ২০০১

এস.আর.ও নং ২১৬/আইন/২০০১—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশ এর—

(ক) অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৪) এর প্র নিম্নরূপ নৃতন উপ-অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা :—

“(৪ক) কোন শিল্প প্রতিষ্ঠান কেবলমাত্র পোষক (sponsor) কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে কাচামাল হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে নির্দিষ্ট পরিমাণ হাইড্রোক্রোরিক এসিড, গাঢ় সালফিউরিক এসিড, নাইট্রিক এসিড, ক্রেমিক এসিড, কঠিক পটাশ এবং কার্বলিক এসিড জেলা প্রশাসকের পূর্বানুমতি সাপেক্ষে আমদানি করিতে পারিবে।

(৪খ) জেলা প্রশাসকের সুপারিশের ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অনুমতি সাপেক্ষে কোন প্রতিষ্ঠান বা বাণিজ্যিক ভিত্তিতে বা নিজস্ব ব্যবহারের উদ্দেশ্যে দফা (৪ক)তে উল্লিখিত রাসায়নিক দ্রব্য আমদানি করিতে পারিবে।

(খ) পরিশিষ্ট-১ এর (খ) অংশে উল্লিখিত শর্তবৃক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকার কলাম ১ এ উল্লিখিত।

(৪৩৩)

মূল্য : টাকা ১.০০

(অ) এইচ এস হেডিং নং ২৮.০৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর
নিম্নরূপিত নৃতন এইচ এস হেডিং এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথাঃ—

| | | | |
|-------|---------|---------------------|--|
| ২৮.০৬ | ২৮০৬.১০ | হাইড্রোক্রোনিক এসিড | এই আদেশের ২৬(৪ক) এবং ২৬(৪খ) অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে আমদানিযোগ্য। |
| ২৮.০৭ | ২৮০৭.০০ | গাঢ় সালফিউরিক এসিড | ঐ |
| ২৮.০৮ | ২৮০৮.০০ | নাইট্রিক এসিড | ঐ |
| ২৮.১১ | ২৮১১.১৯ | ক্রোমিক এসিড | ঐ |
| ২৮.১৫ | ২৮১৫.২০ | কঠিক পটাশ | ঐ |

(আ) এইচ এস হেডিং নং ২৯.০৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর
নিম্নরূপিত নৃতন এইচ এস হেডিং এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথাঃ—

| | | | |
|-------|---------|---------------|--|
| ২৯.০৭ | ২৯০৭.১১ | কাৰ্বলিক এসিড | এই আদেশের ২৬(৪ক) এবং ২৬(৪খ) অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে আমদানিযোগ্য। |
|-------|---------|---------------|--|

রাষ্ট্রপতির আদেশগ্রন্থে

মোঃ আকরাম হোসেন
উপ-সচিব (আইআইটি-২)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফুরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।